

# BANGLA NEWS



(https://www.banglanews24.com)

## জাতীয়

### কলাগাছের আঁশ থেকে সুতা উৎপাদন ও কাপড় বুনন প্রশিক্ষণ শুরু

ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম

আপডেট: ১৬১১ ঘণ্টা, ফেব্রুয়ারি ৬, ২০২৩



**বান্দরবান:** বান্দরবানে কলাগাছের আঁশ থেকে সুতা উৎপাদন ও কাপড় বুননের প্রশিক্ষণ শুরু হয়েছে।

৬ ফেব্রুয়ারি (সোমবার) সকালে বান্দরবানের জেলা প্রশাসকের উদ্যোগে সার্কিট হাউসের হলরুমে এই প্রশিক্ষণ কর্মসূচি শুরু হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি এ প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন।

জেলা প্রশাসক ইয়াছমিন পারভীন তিবরীজি প্রধান অতিথির বক্তব্যে বলেন, নারীদের উন্নয়নে কাজ করে যাচ্ছে বান্দরবান জেলা প্রশাসন। জেলা প্রশাসনের উদ্যোগে বান্দরবানের নারীদের অর্থনৈতিক গতি আরও ত্বরান্বিত করতে বিভিন্ন প্রশিক্ষণ চলমান রয়েছে। এ প্রশিক্ষণ নারীদের আরও এগিয়ে নেবে।

## জাতীয় এর সর্বশেষ



এলজিইডির সড়ক কেটে ফেলায় বাড়ির মালিককে ল  
(https://www.banglanews24.com/national/n



সাড়ে ৯ হাজার ইয়াবাসহ নারী শ্রেফতার  
(https://www.banglanews24.com/national/n

তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী সম্প্রতি ই-গভর্নেন্স প্রশাসকদের ২৫টি নির্দেশনা প্রদান করেছেন যার মধ্যে রয়েছে নারীদের উন্নয়ন এবং স্থানীয় পণ্যের প্রচার ও প্রসারের প্রতি গুরুত্বারোপ। সেই নির্দেশনায় আমরা বান্দরবানের নারীদের উন্নয়নে কাজ করে যাচ্ছি।



এসময় জেলা প্রশাসক নারীদের ঘরের কোণে বসে না থেকে বিভিন্ন শিক্ষামূলক প্রশিক্ষণ গ্রহণ করে নিজের পায়ে দাঁড়ানো এবং নারীদের অর্থনৈতিক উন্নয়নের ওপর বিশেষ জোর দেন।

আয়োজকরা জানান, এবারের প্রশিক্ষণে জেলা সদরের ৩০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করছে। এই প্রশিক্ষণ চলবে আগামী দুই সপ্তাহ পর্যন্ত।

অনুষ্ঠানে স্থানীয় সরকারের উপ-পরিচালক (উপসচিব) মো. লুৎফুর রহমান, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক আতিয়া চৌধুরী, নির্বাহী ম্যাজিস্ট্রেট রাজিব কুমার বিশ্বাস, সুতা ও কাপড় তৈরির প্রশিক্ষক রাধাবতি দেবি, স্যামন্ত কুমার সিংহ, বান্দরবান বিশ্ববিদ্যালয়ের প্রভাষক সাইং উ নিনিসহ বান্দরবানের বিভিন্ন সংগঠনের নারী নেত্রী ও প্রশিক্ষণার্থীরা উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সময়: ১৬০৬ ঘণ্টা, ফেব্রুয়ারি ৬, ২০২৩

এসএএইচ

ক্লিক করুন, আরো পড়ুন → [সুতা \(/topic/সুতা\)](#) [প্রশিক্ষণ \(/topic/প্রশিক্ষণ\)](#) [কলাগাছ \(/topic/কলাগাছ\)](#)

Like Share 5 Tweet

ইউটিউব সাবস্ক্রাইব করুন

YouTube

 [banglanews24.com](https://www.banglanews24.com)  
Like Page



কোটি টাকা হাতিয়ে নেওয়া প্রতারক চক্রের মূল হোত  
(<https://www.banglanews24.com/national/n>



নির্মাণাধীন ৯ তলা ভবন থেকে পড়ে তিন শ্রমিকের মৃ  
(<https://www.banglanews24.com/national/n>



তুরস্কে ভবনে আটকে পড়া রিংকুকে উদ্ধার  
(<https://www.banglanews24.com/national/n>

বাংলানিউজটোয়েন্টিফোর.কম'র প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।

জাতীয় বিভাগের সর্বোচ্চ পঠিত

(<https://www.banglanews24.com/category/জাতীয়/1>)